বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

ইউজিসি ভবন, প্লট# ই-১৮/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা ১২০৭
www.ugc.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

## বিষয়: ইনোভেশন টিমের ২০২০-২০২১ অর্থবছরের ১ম সভার কার্যবিবরণী।

❖ **সভপতিঃ** প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর
সম্মানিত সদস্য, ইউজিসি ও আহ্বায়ক, ইনোভেশন টিম
**তারিখঃ** ২২/০২/২০২০ খ্রি.
**সময়ঃ** বেলা ১২:৩০ টা
**স্থানঃ** অডিটোরিয়াম, ইউজিসি ভবন (৬ষ্ঠ তলা), ঢাকা।
উপস্থিতিঃ পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান এবং কমিটি'র কার্যপরিধি ও উদ্ভাবন সংশ্লিষ্ট সাম্প্রতিক কার্যক্রম, অর্জন ও অগ্রগতি উপস্থাপনের জন্য ইনোভেশন টিমের সদস্য-সচিবকে নির্দেশনা প্রদান করেন।

সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, কমিশন কর্তৃপক্ষ ২৯ নভেম্বর ২০২০ তারিখে একটি ইনোভেশন টিম গঠন করেন। ইনোভেশন টিমের কাযপরিধি নিম্নরূপঃ

➢ স্ব স্ব কার্যালয়ের সেবা প্রদান প্রক্রিয়া এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ার গুনগত পরিবর্তন আনয়ন;
➢ ইনোভেশন সংক্রান্ত কার্যক্রমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বছরের শুরুতে মাসিক সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ণ;
➢ প্রতি মাসে টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন;
➢ মন্ত্রণালয়/বিভাগ/কমিশন/বিশ্ববিদ্যালয় পর্যায়ে গঠিত অন্যান্য ইনোভেশন টিমের সহিত যোগাযোগ ও সমন্বয় সাধন;
➢ ইনোভেশন কর্মপরিকল্পনা প্রনয়ণ ও তা ওয়েবসাইটে প্রকাশকরণ এবং
➢ প্রতিবছর ৩১ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বছরের একটি পুর্ণাঙ্গ বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন, উহা মন্ত্রীপরিষদ বিভাগ ও শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ এবং ইউজিসি'র ওয়েব সাইটে প্রকাশ।

তিনি সভাকে আরও অবহিত করেন যে, কোভিড-১৯ পরিস্থিতির কারনে গত কয়েক মাসে ইনোভেশন টিমের কোন সভা অনুষ্ঠিত হয়নি। আজকের সভাটি চলতি ২০২০-২০২১ অর্থবছরের এবং বর্তমান কমিটির প্রথম সভা। উদ্ভাবন বিষয়ে সাম্প্রতিক উল্লেখযোগ্য কার্যক্রম ও অর্জনসমূহ নিম্নরূপঃ

- অনলাইনে বিদেশী ডিগ্রী সমতাকরণ;
- কমিশনে অনলাইনের মাধ্যমে রিসার্চ সাপোর্ট গ্রান্টস সাবমিশনের ব্যবস্থাকরণ;
- Electronic Fund Transfer (EFT) এর মাধ্যমে গবেষকদের জন্য অর্থ ছাড়;
- তথ্য ও প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বার্ষিক আয়কর নির্ধারণ বিবরণী তৈরি ও সংশ্লিষ্টগণের নিকট ই-মেইলের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে তথ্য প্রেরণ;
- ''ইউনিফর্ম ইউনিভার্সিটি ম্যানেজমেন্ট সফটওয়্যার ও ইন্টিগ্রেটেড ইউনিভার্সিটি ইনফরমেশন ম্যানেজমেন্ট প্ল্যাটফর্ম'' গঠনের লক্ষে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের আয়োজনে এটুআই, ডিজিটাল সার্ভিস এক্সিলেটর এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের কারিগরী সহযোগিতায় ৭ (সাত) দিন (১৬-২২ জানুয়ারি ২০২০) ব্যাপি **'ডিজিটাল সার্ভিস এন্ড ডিজাইন ল্যাব'** অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, উক্ত ল্যাবের সমাপন অনুষ্ঠানে মহামান্য রাষ্ট্রপতি উপস্থিত ছিলেন।
- বিশ্ববিদ্যালয় ও কমিশনের কর্মকর্তাদের সমন্বয়ে ১/২ দিনের উদ্ভাবন ও সেবা সহজীকরণ বিষয়ে কর্মশালা আয়োজন করা হয়েছে।
- এটুআই ও শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত সেবা সহজীকরণ ও উদ্ভাবন সংক্রান্ত ১/২/৫ দিনের ইন হাউজ প্রশিক্ষণ কর্মশালায় কমিশন থেকে কর্মকর্তা মনোনয়ন প্রদান করা হয়েছে।
- উদ্ভাবক এবং উদ্ভাবন সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিদেশে প্রশিক্ষনের ব্যবস্থা করা হয়েছে।

**সেবা সহজিকরণ বিষয়ে উল্লেখযোগ্য কার্যক্রম ও অর্জনসমূহঃ**

- বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষক-শিক্ষার্থী ও গবেষকগণের জন্য ই-রিসোর্স (ই-বুকস ও ই-জার্নাল) একসেস সুবিধা প্রদান।;
- ডিজিটাল শুভেচ্ছা কার্ড চালুকরণ;
- ই-ক্লিপিংস ব্যবস্থা প্রবর্তন;
- ই-ইউজিসি বুলেটিনের ব্যবস্থা প্রবর্তন;
- আরটিআই ট্র্যাকিং সিস্টেমে তথ্য প্রদান।
- সোশ্যাল মিডিয়ার মাধ্যমে প্রেস বিজ্ঞপ্তি/গণবিজ্ঞপ্তি প্রচার;
- পেনশনারদের আনুতোষিকসহ পেনশন সুবিধাদি দ্রুত নিষ্পত্তিকরণ;
- সফ্‌টওয়্যার বেইজড হিসাব সংরক্ষণ ও পরিচালনা;

- গবেষণা প্রকল্পে অর্থায়নে সফ্‌টওয়্যার ব্যবহার (রিসার্চ প্রজেক্ট ম্যানেজমেন্ট সিস্টেম);
- EFT- এর মাধ্যমে প্রকল্প পরিচালক ও বিশেষজ্ঞ সম্মানী প্রদান;
- EFT-এর মাধ্যমে ইউজিসি প্রফেসরশিপ, রোকেয়া চেয়ার, মেধাবৃত্তি, পিএইচডি ফেলোশিপ ও পোষ্ট ডক্টরাল ফেলোশিপ এর অর্থ প্রদান;
- কমিশনের ওয়েবসাইট হালনাগাদকরণের মাধ্যমে বেসরকারি বিশ্ববিদ্যালয় সম্পর্কিত তথ্যাদি যেমন অনুমোদিত বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহের নাম, অনুমোদিত প্রোগ্রামসমূহের নাম, শিক্ষা কার্যক্রমের সার্বিক অবস্থা, সকলের নিকট সহজলভ্য হয়েছে;
- Standard Outcome Based Education (OBE) Curriculum Template প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে সকল পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য একটি সামঞ্জস্যপূর্ণ কারিকুলামে পাঠদান ত্বরান্বিত হচ্ছে এবং প্রত্যাশিত গুণগতমান সম্পন্ন গ্রাজুয়েট তৈরীর পথ সহজিকরণ হয়েছে;
- বিশ্ববিদ্যালয়সমূহে Institutional Quality Assurance Cell (IQAC) প্রতিষ্ঠার মাধ্যমে পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের গুণগতমান সম্পন্ন কার্যক্রম নিশ্চিতকরণ প্রক্রিয়া সহজিকরণ হয়েছে ইত্যাদি।

উপস্থিত সকলে মনযোগ সহকারে ইনোভেশন টিম সংশ্লিষ্ট কমিশনের সাম্প্রতিক উল্লেখযোগ্য কার্যক্রম ও অর্জনসমূহ শোনার জন্য সদস্য-সচিব সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এরপর সভাপতি মহোদয় সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যক্রম শুরু করার জন্য সদস্য-সচিবকে নির্দেশ প্রদান করেন। সদস্য-সচিব আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করেন।

**আলোচ্যসূচী ০১।** ইনোভেশন টিমের ৯ মার্চ ২০২০ খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী অবহিতকরণ ও অনুমোদন।
**সিদ্ধান্তঃ** ইনোভেশন টিমের ৯ মার্চ ২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপিত হয় এবং সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়।

**আলোচ্যসূচী ০২।** ইনোভেশন টিমের ৯ মার্চ ২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
**গৃহীত পদক্ষেপঃ**

---

ক) বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ২০১৯-২০ অর্থবছরের জন্য নিম্নোক্ত ৬ (ছয়) টি উদ্ভাবনী উদ্যোগ চূড়ান্ত করা হয়:

| ক্র.নং | আইডিয়ার শিরোনাম | অগ্রগতি |
|---|---|---|
| ০১। | অনলাইন সাবমিশন সিস্টেম ফর ইউজিসি রিসার্চ সাপোর্ট গ্রান্টস | বাস্তবায়িত |
| ০২। | ই-ক্লিপিংস | বাস্তবায়িত |
| ০৩। | ই-সেবার মাধ্যমে বাৎসরিক আয়কর নির্ধারণ | বাস্তবায়িত |
| ০৪। | ডিজিটাল ডিরেক্টরি/অ্যাপ ফর ইউজিসি এন্ড ইউনিভার্সিটিজ | স্পেসিফিকেশন, প্রাক্কলন প্রস্তুতপূর্বক নিয়মানুযায়ী ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করার জন্য উপ-কমিটি গঠন করা হয়েছে। |
| ০৫। | ই- ট্রান্সপোর্ট ম্যানেজমেন্ট সিস্টেম | |
| ০৬। | গবেষণা প্রকল্পে অর্থায়নে সফট্ওয়্যার ব্যবহার (রিসার্চ প্রজেক্ট ম্যানেজমেন্ট সিস্টেম) | |

খ) বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ২০১৮-১৯ অর্থবছরের জন্য গৃহীত ৪ (চার) টি উদ্ভাবনী উদ্যোগের মধ্যে **''অনলাইনে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি(আর্থিক ও ভৌত)'র প্রতিবেদন প্রাপ্তি''** আইডিয়াটি তালিকা থেকে বাদ দিয়ে ২০১৮-১৯ অর্থবছরের জন্য নিমোক্ত ৩ (তিনটি) টি উদ্ভাবনী উদ্যোগের চূড়ান্ত তালিকা করা হয়:

| ক্র.নং | আইডিয়ার শিরোনাম | মন্তব্য/অগ্রগতি |
|---|---|---|
| ০১। | অনলাইনে বিদেশী ডিগ্রির সমতাবিধান | তালিকাটি কমিশনের ওয়েবসাইটের ইনোভেশন বক্সে আপলোড করা হয়েছে। |
| ০২। | বিশ্ববিদ্যালয়সমূহের অনলাইন ভিত্তিক মাসিক আর্থিক ব্যবস্থাপনা | |
| ০৩। | গবেষকদের জন্য ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার | |

গ) উপরিল্লিখিত 'ক' এর ৪ ,৫, ৬ নম্বর ও 'খ' এর ১, ২, ৩ নম্বর উদ্ভাবনী উদ্যোগের দ্রুত বাস্তবায়নের জন্য স্পেসিফিকেশন, প্রাক্কলন প্রস্তুতপূর্বক নিয়মানুযায়ী ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করার জন্য নিমোক্তভাবে একটি উপ-কমিটি গঠণ করা হয়ঃ

| | | | |
|---|---|---|---|
| ১। | জনাব মোঃ ওমর ফারুখ, পরিচালক (চলতি দায়িত্ব),রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন বিভাগ,ইউজিসি | - | আহ্বায়ক |
| ২। | জনাব মোঃ জামিনুরর রহমান, অতিরিক্ত পরিচালক, আইএমসিটি বিভাগ, ইউজিসি, ঢাকা | - | সদস্য |
| ৩। | জনাব মোহাম্মদ মাকছুদুর রহমান ভূঁইয়া, অতিরিক্ত পরিচালক, আইএমসিটি বিভাগ, ইউজিসি, ঢাকা | - | সদস্য |
| ৪। | জনাব তাহমিনা রহমান, সিস্টেম এনালিস্ট, আইএমসিটি বিভাগ, ইউজিসি, ঢাকা | - | সদস্য |
| ৫। | জনাব মোঃ গোলাম দস্তগীর, সিনিয়র সহকারী পরিচালক, জেনারেল সার্ভিসেস এন্ড এস্টেট বিভাগ, ইউজিসি। | - | সদস্য-সচিব |

**অগ্রগতিঃ** বর্ণিত ৭টি উদ্ভাবনী উদ্যোগ এবং ২০২০-২০২১ অর্থ বছরের জন্য গৃহীত ১টিসহ মোট ৮টি উদ্ভাবনী উদ্যোগ দ্রুত বাস্তবায়নের জন্য স্পেসিফিকেশন, প্রাক্কলন প্রস্তুত প্রক্রিয়া উপ-কমিটি কর্তৃক চলমান রয়েছে।

**ঘ)** কমিশনের ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৯-২০ অনুযায়ী নিম্নোক্ত কার্যক্রমসমূহ ৩০ জুন ২০২০ এর মধ্যে বাস্তবায়ন করার লক্ষ্যে কমিশনের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পরিচালক ও সচিব (অতিরিক্ত দায়িত্ব) ড. ফেরদৌস জামানকে আহ্বায়ক করে ৬ সদস্যবিশিষ্ট একটি উপ-কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | উদ্দেশ্য(Objectives) | কার্যক্রম (Activities) | লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|
| ০১। | সক্ষমতা বৃদ্ধি | উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/ সেমিনার | ১২০ জন |
| ০২। | | উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন | ১২০ জন |
| ০৩। | | সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন | ১২০ জন |
| ০৪। | স্বীকৃতি বা প্রণোদনা প্রদান | উদ্ভাবকগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র /ক্রেস্ট/ পুরস্কার প্রদান | ১০ জন |
| ০৫। | | উদ্ভাবকগণকে দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ /নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ | ১৫ জন |
| ০৬। | | উদ্ভাবন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তাগণকে বিদেশে শিক্ষা সফর/ প্রশিক্ষণ /নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ | ৩০ জন |
| ০৭। | উদ্ভাবন-সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বাজেট বরাদ্দ | সেমিনার/ওয়ার্কশপ | ২০.০০ লক্ষ টাকা |
| ০৮। | | ট্রেনিং(অভ্যন্তরীণ/বৈদেশিক | ১০০.০০ লক্ষ টাকা |
| ০৯। | | ইনোভেশন প্রজেক্ট | ৩০.০০ লক্ষ টাকা |
| ১০। | ডকুমেন্টেশন প্রকাশনা | বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনা (পাইলট ও সম্প্রসারিত) | ২০-০৫-২০২০ |
| ১১। | | সেবা সহজিকরণের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনা | ২০-০৫-২০২০ |

**অগ্রগতিঃ** সিদ্ধান্ত অনুযায়ী ১৯-০৩-২০২০ তারিখে একটি উপ-কমিটি গঠণের অফিস আদেশ জারী করা হয়(কপি সংযুক্ত)। উপ-কমিটির আহ্বায়ক মহোদয় ২৫ মার্চ ২০২০ তারিখ সভা আহ্বান করেন। কোভিডের কারনে পরবর্তীতে সভা স্থগিত করা হয় এবং ৩০ জুন ২০২০ পর্যন্ত অফিস বন্ধ থাকায় ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৯-২০ অনুযায়ী কার্যক্রমসমূহ ৩০ জুন ২০২০ এর মধ্যে বাস্তবায়ন সম্ভব হয়নি।

**ঙ)** “ইউনিফর্ম ইউনিভার্সিটি ম্যানেজমেন্ট সফটওয়্যার ও ইন্টিগ্রেটেড ইউনিভার্সিটি ইনফরমেশন ম্যানেজমেন্ট প্লাটফর্ম” গঠনের লক্ষ্যে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক আয়োজিত “ডিজিটাল সার্ভিস ডিজাইন এন্ড প্ল্যানিং ল্যাব'' এর বিষয়ে পরবর্তী করণীয় হিসেবে **‘ইউনিফর্ম ইউনিভার্সিটি ম্যানেজমেন্ট সফটওয়্যার’** তৈরির জন্য ডিপিপি প্রণয়ণের লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি উপ-কমিটি গঠণের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| | | | |
|---|---|---|---|
| ১। | প্রফেসর ড. মোঃ সাজ্জাদ হোসেন, সদস্য, ইউজিসি, ঢাকা | - | আহ্বায়ক |
| ২। | ড. ফেরদৌস জামান, পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, ইউজিসি, ঢাকা | | সদস্য |
| ৩। | জনাব মো. কামাল হোসেন, পরিচালক, পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ, ইউজিসি, ঢাকা। | - | সদস্য |
| ৪। | ড. ফখরুল ইসলাম,পরিচালক, বেসরকারী বিশ্ববিদ্যালয় বিভাগ, ইউজিসি, ঢাকা ও সদস্য, ইনোভেশন টিম | - | সদস্য |
| ৫। | জনাব মোঃ ওমর ফারুখ, পরিচালক (চলতি দায়িত্ব),রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন বিভাগ,ইউজিসি | - | সদস্য |
| ৬। | জনাব মোঃ জামিনুর রহমান, অতিরিক্ত পরিচালক, আইএমসিটি বিভাগ, ইউজিসি, ঢাকা | - | সদস্য |
| ৭। | জনাব মোহাম্মদ মাকছুদুর রহমান ভূঁইয়া, অতিরিক্ত পরিচালক, আইএমসিটি বিভাগ, ইউজিসি, ঢাকা | - | সদস্য |
| ৮। | জনাব রোকসানা লায়লা, উপ পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, ইউজিসি, ঢাকা | - | সদস্য-সচিব |

**অগ্রগতিঃ** উপ-কমিটি গঠণ করা হয়েছে। উপ-কমিটি কর্তৃক প্রতিবেদন অদ্যাবধি পাওয়া যায়নি।

চ) **জালিয়াতি মুক্ত সনদ** (ফোর্জারি ফ্রি সার্টিফিকেট) প্রস্তুতের জন্য ডিপিপি প্রণয়ণের লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি উপ-কমিটি গঠণের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| | | | |
|---|---|---|---|
| ১। | প্রফেসর ড. মোঃ সাজ্জাদ হোসেন, সদস্য, ইউজিসি, ঢাকা | - | আহ্বায়ক |
| ২। | ড. ফেরদৌস জামান, পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, ইউজিসি, ঢাকা | | সদস্য |
| ৩। | জনাব মো. কামাল হোসেন, পরিচালক, পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ, ইউজিসি, ঢাকা। | - | সদস্য |
| ৪। | ড. ফখরুল ইসলাম,পরিচালক, বেসরকারী বিশ্ববিদ্যালয় বিভাগ, ইউজিসি, ঢাকা ও সদস্য, ইনোভেশন টিম | - | সদস্য |
| ৫। | জনাব মোঃ ওমর ফারুখ, পরিচালক (চলতি দায়িত্ব),রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন বিভাগ,ইউজিসি | - | সদস্য |
| ৬। | জনাব মোঃ জামিনুর রহমান, অতিরিক্ত পরিচালক, আইএমসিটি বিভাগ, ইউজিসি, ঢাকা | - | সদস্য |
| ৭। | জনাব মোহাম্মদ মাকছুদুর রহমান ভূঁইয়া, অতিরিক্ত পরিচালক, আইএমসিটি বিভাগ, ইউজিসি, ঢাকা | - | সদস্য |
| ৮। | জনাব রোকসানা লায়লা, উপ পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, ইউজিসি, ঢাকা | - | সদস্য-সচিব |

**অগ্রগতিঃ** উপ-কমিটি গঠণ করা হয়েছে। উপ-কমিটি কর্তৃক প্রতিবেদন অদ্যাবধি পাওয়া যায়নি।

---

**সিদ্ধান্তঃ** ইনোভেশন টিমের ৯ মার্চ ২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি উপস্থিত সকলে অবহিত হয়।

**আলোচ্যসূচী ০৩।** শিক্ষা মন্ত্রণালয় এর মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থার সঙ্গে ইনোভেশন টিমের ১ম সভার সিদ্ধান্ত বাস্তবায়নে করণীতা সর্ম্পকে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত পদক্ষেপঃ** শিক্ষা মন্ত্রণালয় এর মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থার সঙ্গে ইনোভেশন টিমের ১ম সভা গত ২২ নভেম্বর ২০২০খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়নে অগ্রগতি নিম্নরূপ:

| ক্র. নং | উদ্দেশ্য (Objectives) | কার্যক্রম/ (Activities) | লক্ষ্যমাত্রা | অর্জন | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৩.১ | ইনোভেশন টিমের সভা | ইনোভেশন টিমের সভা অনুষ্ঠিত | ০৬টি | - | প্রতি মাসে ন্যূনতম ১টি করে আগামী জুন মাস পর্যন্ত মোট ৬টি সভা আয়োজন করা যেতে পারে |
| | | ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | ৯৫% | - | - |
| ৩.২ | সক্ষমতা বৃদ্ধি | উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/ সেমিনার | ৯০ জন | - | কমিশনের ৫জন, বিশ্ববিদ্যালয়ের-১৫জন মোট ২০ জন কর্মকর্তা করে ৫টি এক দিনের কর্মশালা/সেমিনার আয়োজন করা যেতে পারে।<br>মার্চ মাসে পরপর ২দিন ২টি কর্মশালা আয়োজন করা যেতে পারে। |
| | | উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন | ৬০ জন | - | কমিশনের ৫জন, বিশ্ববিদ্যালয়ের-১৫জন মোট ২০ জন করে দুই দিনের ৩টি প্রশিক্ষণ আয়োজন করা যেতে।<br>মার্চ মাসে ২দিনের ১টি প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে। |
| | | সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন | ৬০ জন | - | কমিশনের ৫জন, বিশ্ববিদ্যালয়ের-১৫জন মোট ২০ জন করে দুই দিনের ৩টি প্রশিক্ষণ আয়োজন করা যেতে।<br>মার্চ মাসে ২দিনের ১টি প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে। |
| ৩.৩ | উদ্ভাবন খাতে (কোড নম্বর- ৩২৫৭১০৫) বরাদ্দ | উদ্ভাবন-সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বাজেট বরাদ্দ | ৫০.০০ লক্ষ টাকা | ৫০.০০ লক্ষ টাকা | ২০২০-২০২১ অর্থবছরের সংশোধিত বাজেটে ৫০.০০ লক্ষ টাকা ইনোভেশন খাতে বরাদ্দ প্রদান করা হয়েছে |
| | | উদ্ভাবন-সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ ব্যয় | ৯০% | | - |
| ৩.৪ | তথ্য বাতায়নে আপলোড | ইনোভেশন টিমের পূর্ণাঙ্গ তথ্যসহ বছরভিত্তিক সকল তথ্যহালনাগাদ করে তথ্য বাতায়নে আপলোড | ১০০% | ১০০% | - |
| ৩.৫ | প্রমাণকের কপি মন্ত্রণালয়ে প্রেরণ | ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অন্তর্ভূক্ত কার্যক্রম বাস্তবায়নের সাথে সাথে প্রমাণকের কপি মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখায় প্রেরন | ১০০% | ১০০% | - |

**সিদ্ধান্তঃ** ৩.১। ইনোভেশন টিমের সভা প্রতি মাসে ন্যূনতম ১টি করে আগামী জুন মাস পর্যন্ত মোট ৬টি সভা আয়োজন করা এবং সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.২। উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে ৩০ জন (বিশ্ববিদ্যালয়ের-২০জন, ইনোভেশন টিমের সদস্যসহ কমিশনের-১০জন) করে মোট ৩(তিন) টি এক দিনের কর্মশালা/সেমিনার আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.৩। উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ৩০ জন (বিশ্ববিদ্যালয়ের-২০জন, ইনোভেশন টিমের সদস্যসহ কমিশনের-১০জন) করে মোট ২(দুই) টি ২(দুই) দিনের প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.৪। সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ৩০ জন (বিশ্ববিদ্যালয়ের-২০জন, ইনোভেশন টিমের সদস্যসহ কমিশনের-১০জন) করে মোট ২(দুই) টি ২(দুই) দিনের প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.৫। বর্ণিত সিদ্ধান্ত: ৩.২, ৩.৩, ৩.৪ মোতাবেক প্রশিক্ষণ ও কর্মশালাসমূহ ৩০ জুন ২০২১ তারিখের মধ্যে আয়োজনের পূর্ণাঙ্গ কর্মপরিকল্পনা ও বাজেট প্রণয়ন এবং তা বাস্তবায়নের নিমিত্তে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নিম্নোক্তভাবে একটি উপ-কমিটি গঠন করা হলোঃ

| ক্রমিক নং | নাম, পদবী ও বিভাগ | উপ-কমিটি |
|---|---|---|
| ১) | ড. ফেরদৌস জামান<br>সচিব (অতিরিক্ত দায়িত্ব), ইউজিসি | আহ্বায়ক |
| ২) | প্রকৌশলী মোহাম্মদ জিয়াউর রহমান<br>উপ-পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন বিভাগ, ইউজিসি | সদস্য |
| ৩) | জনাব তাহমিনা রহমান<br>সিস্টেম এনালিস্ট, আইএমসিটি বিভাগ, ইউজিসি | সদস্য-সচিব |

**আলোচ্যসূচী ০৪।** কমিশনের ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর অগ্রগতি এবং বাস্তবায়নে করণীয়তা বিষয়ে আলোচনা।

**সিদ্ধান্তঃ** কমিশনের ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর অগ্রগতি (৩১-১২-২০২০ তারিখ পর্যন্ত) সভায় উপস্থাপন করা হয়। নিমোক্ত কার্যক্রমসমূহ দূত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

<table>
<tr><th>কার্যক্রমসমূহ</th><th>বাস্তবায়নের সর্বশেষ তারিখ</th><th colspan="2">বাস্তবায়নকারী/মন্তব্য</th></tr>
<tr><td>৪.১। উদ্ভাবন পাইলটিং বাস্তবায়ন মূল্যায়িত</td><td>১-৩- ২০২১</td><td colspan="2">ইউজিসি</td></tr>
<tr><td>৪.২। আয়োজিত উদ্ভাবন প্রদর্শনীতে অংশগ্রহণ</td><td>১৫-৫-২০২১</td><td colspan="2">ইউজিসি/শিক্ষা মন্ত্রণালয়</td></tr>
<tr><td>৪.৩। ইনোভেশন আইডিয়া বাস্তবায়নের জন্য অফিস আদেশ জারিকৃত</td><td>১০-৬-২০২১</td><td colspan="2">ইউজিসি</td></tr>
<tr><td rowspan="2">৪.৪। কমিশনের ১০(দশ) জন কর্মকর্তাকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/ সনদপত্র /ক্রেস্ট/ পুরস্কার প্রদান</td><td rowspan="2">৩১-০৫-২০২১</td><td colspan="2">সংশ্লিষ্ট কার্যক্রমসমূহ নির্ধারিত তারিখের মধ্যে বাস্তবায়নের লক্ষ্যে নিমোক্তভাবে একটি উপ-কমিটি গঠন করা হলোঃ</td></tr>
<tr><td rowspan="3">১) জনাব মোহাম্মদ মাকছুদুর রহমান ভূঁইয়া<br>পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)<br>আইএমসিটি বিভাগ, ইউজিসি</td><td rowspan="3">আহ্বায়ক</td></tr>
<tr><td>৪.৫। কমিশন ও বিশ্ববিদ্যালয়সমূহের ৪০জন উদ্ভাবকগণকে দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ /নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ</td><td>৩১-০৫-২০২১</td></tr>
<tr><td rowspan="3">৪.৬। কমিশনের ৩০(ত্রিশ) জন উদ্ভাবন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তাগণকে বিদেশে শিক্ষা সফর/ প্রশিক্ষণ /নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ</td><td rowspan="3">৩১-০৫-২০২১</td></tr>
<tr><td>২) জনাব মৌলি আজাদ<br>উপ-পরিচালক, পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ, ইউজিসি</td><td>সদস্য</td></tr>
<tr><td>৩) রবিউল ইসলাম<br>সিনিয়র সহকারী পরিচালক<br>অর্থ ও হিসাব বিভাগ, ইউজিসি</td><td>সদস্য-সচিব</td></tr>
<tr><td>৪.৭ সেবা সহজিকরণ বাস্তবায়নে চুড়ান্ত অফিস আদেশ জারি</td><td>১৫-৪-২০২১</td><td colspan="2">ইউজিসি</td></tr>
<tr><td>৪.৮ প্রকল্প পরিদর্শনকৃত এবং সহায়তা প্রদান</td><td>৪</td><td colspan="2">ইউজিসি</td></tr>
<tr><td rowspan="4">৪.৯ ডকুমেন্টেশন প্রকাশ</td><td rowspan="4">১৫-৫-২০২১</td><td colspan="2">উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে নির্ধারিত তারিখের মধ্যে ডকুমেন্টেশন প্রকাশের লক্ষ্যে নিমোক্তভাবে একটি উপ-কমিটি গঠন করা হলোঃ</td></tr>
<tr><td>১) ড. এ কে এম শামসুল আরেফিন<br>পরিচালক, জনসংযোগ ও তথ্য অধিকার বিভাগ, ইউজিসি</td><td>আহ্বায়ক</td></tr>
<tr><td>২) জনাব মুহাম্মদ মাসুদ হোসেন<br>উপ-পরিচালক, জেনারেল সার্ভিসেস, এস্টেট এন্ড ইন্জিনিয়ারিং বিভাগ, ইউজিসি</td><td>সদস্য</td></tr>
<tr><td>৩) জনাব মোঃ ইমরান হোসেন<br>সহকারী পরিচালক (তথ্য), জনসংযোগ ও তথ্য অধিকার বিভাগ, ইউজিসি</td><td>সদস্য-সচিব</td></tr>
</table>

আলোচ্যসূচী ০৫। বিবিধ।

**সিদ্ধান্তঃ পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে ইনোভেশন টিমের তথ্যাদি কমিশনে প্রেরণের জন্য বিশ্ববিদ্যালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।**

অতঃপর সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর
সদস্য, ইউজিসি, ঢাকা ও
আহ্বায়ক, ইনোভেশন টিম, ইউজিসি

ড. এ কে এম শামসুল আরেফিন
পরিচালক, জনসংযোগ ও তথ্য অধিকার বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম, ইউজিসি

মোহাম্মদ মাকছুদুর রহমান ভূঁইয়া
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), আইএমসিটি বিভাগ ইউজিসি, ঢাকা এবং সদস্য, ইনোভেশন টিম ও ইনোভেশন অফিসার

প্রকৌশলী মোহাম্মদ জিয়াউর রহমান
উপ-পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম

তাহমিনা রহমান
সিস্টেম এনালিস্ট, আইএমসিটি বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম

মৌলি আজাদ
**উপ-পরিচালক, পাবলিক বিশ্বঃ ম্যানেজমেন্ট বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম, ইউজিসি**

**মুহাম্মদ মাসুদ হোসেন**
**উপ-পরিচালক, জেনারেল সার্ভিসেস, এস্টেট এন্ড ইন্জিনিয়ারিং বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম, ইউজিসি**

রবিউল ইসলাম
সিনিয়র সহকারী পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ এবং সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট (ইনোভেশন)

**মোঃ ইমরান হোসেন**
**সহকারী পরিচালক (তথ্য), জনসংযোগ ও তথ্য অধিকার বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম**

পরিশিষ্ট 'ক'

**বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ইনোভেশন টিমের ২২ ফেব্রুয়ারি ২০২০ তারিখে অনুষ্ঠিত ১ম সভায় উপস্থিতির স্বাক্ষরঃ**

| ক্র: নং | নাম, পদবী ও বিভাগ | স্বাক্ষর |
|---|---|---|
| ০১. | প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর<br>**সদস্য**, ইউজিসি ও আহ্বায়ক, ইনোভেশন টিম | স্বাক্ষরিত<br>২২/০২/২০২১ |
| ০২. | **ড. এ কে এম শামসুল আরেফিন**<br>**পরিচালক, জনসংযোগ ও তথ্য অধিকার বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম** | স্বাক্ষরিত<br>২২/০২/২০২১ |
| ০৩. | জনাব মোহাম্মদ মাকছুদুর রহমান ভূঁইয়া<br>**পরিচালক (অতিরিক্ত দায়িত্ব),** আইএমসিটি **বিভাগ ও** ইনোভেশন অফিসার | স্বাক্ষরিত<br>২২/০২/২০২১ |
| ০৪. | **প্রকৌশলী মোহাম্মদ জিয়াউর রহমান**<br>**উপ-পরিচালক,** রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন বিভাগ **ও সদস্য, ইনোভেশন টিম** | স্বাক্ষরিত<br>২২/০২/২০২১ |
| ০৫. | জনাব **তাহমিনা রহমান**<br>**সিস্টেম এনালিস্ট,** আইএমসিটি বিভাগ **ও সদস্য, ইনোভেশন টিম,** ইউজিসি | স্বাক্ষরিত<br>২২/০২/২০২১ |
| ০৬. | জনাব মৌলি আজাদ<br>**উপ-পরিচালক,** পাবলিক বিশ্বঃ ম্যানেজমেন্ট বিভাগ **ও সদস্য, ইনোভেশন টিম,** ইউজিসি | স্বাক্ষরিত<br>২২/০২/২০২১ |
| ০৭. | জনাব **মুহাম্মদ মাসুদ হোসেন**<br>**উপ-পরিচালক, জেনারেল সার্ভিসেস, এস্টেট** এন্ড ইন্জিনিয়ারিং **বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম,** ইউজিসি | স্বাক্ষরিত<br>২২/০২/২০২১ |
| ০৮. | জনাব রবিউল ইসলাম<br>**সিনিয়র সহকারী পরিচালক,** অর্থ ও হিসাব বিভাগ এবং **সদস্য-সচিব ও ফোকাল-পয়েন্ট (ইনোভেশন)** | স্বাক্ষরিত<br>২২/০২/২০২১ |
| ০৯. | জনাব **মোঃ ইমরান হোসেন**<br>**সহকারী পরিচালক (তথ্য), জনসংযোগ ও তথ্য অধিকার** বিভাগ **ও সদস্য, ইনোভেশন টিম,** ইউজিসি | স্বাক্ষরিত<br>২২/০২/২০২১ |